

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
শিশু ও সমৰ্থয় অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

স্মারক নং-৩২.০০.০০০০.০৮১.২৫.০০৫.১৯.২১৯

তারিখ: ২১.০৯.২০২৩

বিষয়ঃ কিশোর-কিশোরী ক্লাব পরিদর্শন প্রতিবেদন।


বিগত ১৬/০৯/২০২৩ তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় দিনাজপুর সদর উপজেলাধীন দক্ষিণ বালুয়ারী ইউনিয়ন কিশোর-কিশোরী ক্লাব সরেজমিন পরিদর্শন করি। পরিদর্শনকালে দিনাজপুর জেলা প্রশাসনের পরিচালক (স্থানীয় সরকার) জনাব মোখলেছুর রহমান, দিনাজপুর মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক (চলতি দায়িত্ব) জনাব মোঃ মোর্শেদ আলী খান, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) জনাব আখতারুজ্জামান, ক্লাবের জেন্ডার প্রমোটর, সুপারভাইজার সহ সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

০১। দক্ষিণ বালুয়ারী সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাংগণে ক্লাবের কার্যক্রম পরিচালিত হয়। পরিদর্শনকালে উপস্থিত কিশোর-কিশোরীদের সাথে বিভিন্ন বিষয়ে মতবিনিময় করা হয়। এ সময় ক্লাবের সদস্যগণ বাল্য বিবাহ প্রতিরোধ, জেন্ডার বৈষম্য নিরসন, মাদকাসক্রি সহ অন্যান্য সামাজিক ইস্যুতে তাদের গঠনমূলক ও ইতিবাচক বক্তব্য তুলে ধরে।

০৩। সহিংসতা প্রতিরোধ ও আত্মরক্ষার কৌশল হিসেবে ক্লাবের সদস্যদের কারাতে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। কারাতে প্রশিক্ষকের তত্ত্বাবধানে ক্লাবের কিশোর-কিশোরীগণ তাদের এ ঘাবত অর্জিত প্রশিক্ষণের কিছু মহড়া প্রদর্শন করে।

০৪। মন্তব্য/সুপারিশঃ

- (i) বাল্য বিবাহ এবং নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের হেল্প লাইন ১০৯- এর কার্যক্রমের বিষয়ে ক্লাবের সদস্যদের আরও সচেতন করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- (ii) ক্লাবের সার্বিক পরিবেশ ও কার্যক্রম সঠোষজনক প্রতীয়মান হয়েছে।



মোঃ মুহিবুজ্জামান
(মন্তব্য সহিংসতা প্রতিরোধ এবং কার্যক্রম সঠোষজনক প্রতীয়মান হয়েছে)

অতিরিক্ত সচিব

সচিব

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ অবগতি/কার্যার্থেঃ

- ০১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইক্সটন গাডেন রোড, ঢাকা।
- ০২। প্রকল্প পরিচালক, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইক্সটন গাডেন রোড, ঢাকা।
- ০৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপ পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, দিনাজপুর।